

ব্যক্তিগত কারণ দেখিয়ে কুবি উপাচার্যের পদত্যাগ

কুবি সংবাদদাতা

১১ আগস্ট, ২০২৪ ১৫:৩০

শেয়ার

অ +

অ -



সংগ্রহীত ছবি

শিক্ষার্থীদের দাবির মুখে পদত্যাগ করেছেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) উপাচার্য অধ্যাপক ড. এ এফ এম আবদুল মউল। রবিবার (১১ আগস্ট) দুপুর ১২ টার দিকে রাষ্ট্রপতি বরাবর পদত্যাগপত্র পাঠান তিনি। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর এ তথ্য নিশ্চিত করে।

এর আগে শনিবার সন্ধ্যার দিকে কুবি উপাচার্য ও প্রষ্টরিয়াল বড়ির পদত্যাগ চেয়ে সংবাদ সম্মেলন করেন

বিশ্ববিদ্যালয়ের বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করণ।

রাষ্ট্রপতির প্রতি লিখিত পদত্যাগ পত্রে ড. আবদুল মন্তুর ব্যক্তিগত কারণের কথা উল্লেখ করে। তিনি বলেন, ‘আমি আমার ব্যক্তিগত কারণে উপাচার্য পদ হতে এই চিঠির মাধ্যমে অদ্য অপরাহ্ন থেকে পদত্যাগ করিতে আপনার (রাষ্ট্রপতি) নিকট পদত্যাগ পত্র পেশ করলাম।’

এর আগে ২০২২ সালের ৩১ জানুয়ারি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের সপ্তম উপাচার্য হিসেবে যোগদান করেন তিনি। চারবছরের মেয়াদ শেষ হওয়ার আগেই আজ রবিবার পদত্যাগ করেন।

এদিকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়করণের দাবির মুখে গতকাল রাতেই ব্যক্তিগত কারণ দেখিয়ে কুবি প্রষ্টরিয়াল বড়ি পদত্যাগ করেন। এ ছাড়া পদত্যাগ করেন দুইজন আবাসিক শিক্ষকও।